

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জুন ১৪, ২০১৭

বাংলাদেশ নির্বাচন কমিশন  
নির্বাচন কমিশন সচিবালয়  
নির্বাচন ভবন, আগারামাঁও, ঢাকা

প্রজ্ঞাপন

তারিখ : ২৯ জ্যৈষ্ঠ ১৪২৪ বঙ্গাব্দ/১২ জুন ২০১৭ খ্রিস্টাব্দ

নং ১৭.০০.০০০০.০০৯.০৬.০০৮.১৭.৩৪৪।—নির্বাচন কমিশন সচিবালয় আইন, ২০০৯  
এবং নির্বাচন কমিশন (কার্যপ্রণালী) বিধিমালা, ২০১০ এর বিধি ৩ এর উপবিধি (২) অনুসারে নিম্নরূপ  
“জাতীয় পরিচয়পত্র, ভোটার তালিকা এবং নির্বাচন ব্যবস্থাপনা তথ্য প্রযুক্তির প্রয়োগ কমিটি” গঠন  
করা হল :

- |     |   |              |
|-----|---|--------------|
| (১) | বিগেং জেনাঃ শাহাদাত হোসেন চৌধুরী (অবঃ), মাননীয় নির্বাচন<br>কমিশনার                               | - সভাপতি     |
| (২) | মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন<br>সচিবালয়                            | - সদস্য      |
| (৩) | যুগ্মসচিব (নির্বাচন ব্যবস্থাপনা-১), নির্বাচন কমিশন সচিবালয়                                       | - সদস্য      |
| (৪) | সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়  | - সদস্য      |
| (৫) | সিনিয়র মেইনটেন্যাঙ্ক ইঞ্জিনিয়ার, নির্বাচন কমিশন সচিবালয়  | - সদস্য      |
| (৬) | উপসচিব (নির্বাচন পরিচালনা-১), নির্বাচন কমিশন সচিবালয়   | - সদস্য      |
| (৭) | সিস্টেম এনালিস্ট (উপাত্ত ব্যবস্থাপনা), জাতীয় পরিচয় নিবন্ধন<br>অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয় | - সদস্য      |
| (৮) | পরিচালক (অপারেশন্স), জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ,<br>নির্বাচন কমিশন সচিবালয়                   | - সদস্য সচিব |

কমিটি প্রয়োজনে কমিশনের যে কোন কর্মকর্তাকে কমিটিতে কো-অপ্ট করতে পারবে।

(৬৬২৭)

মূল্য : টাকা ৪.০০

**কমিটির কার্যপরিধি :**

- (ক) জাতীয় পরিচয়পত্র/স্মার্ট জাতীয় পরিচয়পত্র প্রস্তুত ও বিতরণসহ সার্বিক সুপারিশ প্রণয়ন;
- (খ) ভোটার তালিকা হালনাগাদ ও প্রকাশ সংক্রান্ত সুপারিশ প্রণয়ন;
- (গ) মাঠ পর্যায়ে জাতীয় পরিচয়পত্র/স্মার্টকার্ড সেবা সহজীকরণের সুপারিশ প্রণয়ন;
- (ঘ) ই-ভোটিংয়ের জন্য প্রয়োজনীয় আইন এবং পদ্ধতি সংক্রান্ত সুপারিশ প্রণয়ন;
- (ঙ) প্রবাসী ভোটারদের জাতীয় পরিচয়পত্রের সেবা প্রদান ও ভোট প্রদানের ব্যবস্থা গ্রহণের সুপারিশ;
- (চ) জাতীয় পরিচয়পত্র ও ভোটার তালিকার ডাটাবেজকে আরো সুরক্ষিত এবং শক্তিশালী করার জন্য প্রয়োজনীয় হার্ডওয়্যার ও সফটওয়্যার এর সুপারিশ প্রণয়ন;
- (ছ) জাতীয় পরিচয়পত্র ডাটাবেজের বর্তমান ডাটা সেন্টার পর্যবেক্ষণপূর্বক অধিকতর উন্নত ও আধুনিক করার সুপারিশ প্রণয়ন;
- (জ) নির্বাচন ব্যবস্থাপনার বিভিন্ন ক্ষেত্রে তথ্যপ্রযুক্তির ব্যবহার ও প্রয়োগ সংক্রান্ত সুপারিশ;
- (ঝ) নির্বাচন কমিশন ভবন এবং নির্বাচন প্রশিক্ষণ ভবন ব্যবস্থাপনা নিয়ে প্রকল্প গ্রহণ এবং তা বাস্তবায়নের পরামর্শ প্রদান; এবং
- (ঝঃ) প্রকল্প চিহ্নিতকরণ এবং তা প্রণয়নের পরামর্শ প্রদান।

০২। জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ নির্বাচন কমিশনের উক্ত কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

০৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

প্রধান নির্বাচন কমিশনারের আদেশক্রমে

ফরহাদ আহাম্মদ খান  
উপসচিব (সংস্থাপন)।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd